



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

11 May 2026

7:35 AM IST

আসাম, পশ্চিমবঙ্গ এবং পুডুচেরীতে বিজেপির বিজয় কেন্দ্রীয় সরকারের গ্রহণ করা জাতীয় নীতির প্রতি জনসাধারণের সমর্থন বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। প্রধানমন্ত্রী বলেন যে জাতীয় কার্যসূচি ও কেন্দ্রীয় সরকারের নীতির প্রতি সমর্থনের বার্তা সাম্প্রতিক নির্বাচনে প্রতিফলিত হয়েছে। গতকাল বেঙ্গালুরুতে বিজেপির কর্মীদের উদ্দেশ্যে দেওয়া ভাষণে প্রধানমন্ত্রী সরকারের সুদৃঢ় সুশাসন ব্যবস্থার পাশাপাশি সমস্যাগুলির সমাধান করা এবং দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার উপর গুরুত্ব আরোপ করেছেন।

ভারতীয় জনতা পার্টির প্রবীন নেতা ড: হিমন্তু বিশ্ব শর্মা গতকাল দিশপুর লোকভবনে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্যের সঙ্গে সাক্ষাৎ করে রাজ্যে সরকার গঠনের দাবী জানান। ড: শর্মা রাজ্যপালের কাছে নব-নির্বাচিত ১০২ জন বিধায়কের সাক্ষর সম্বলিত প্রস্তাব জমা

করেন । সেসময় ড: শর্মার সংগে কেন্দ্রীয় পর্যবেক্ষক জে পি নাড্ডা ও সহ-পর্যবেক্ষক নায়াব সিং সাইনী উপস্থিত ছিলেন ।

ভারতীয় জনতা পার্টি ড: হিমন্তু বিশ্ব শর্মাকে বিজেপি তথা জাতীয় গণতান্ত্রিক মোর্চার বিধায়িনী দলের নেতা হিসেবে ঘোষণা করেছে । গতকাল গুয়াহাটীর বৈশিষ্ঠ চারিয়ালিতে থাকা রাজ্য বিজেপির মুখ্য কার্যালয়ের বাজপেয়ী ভবনে আয়োজিত এক বৈঠকে ডক্টর হিমন্তু বিশ্ব শর্মাকে বিধায়িনী দলের নেতা হিসেবে বাছাই করা হয় । বিজেপির বিধায়িনী দলের বৈঠকে ৮২ জন নব নির্বাচিত বিধায়ক অংশ গ্রহণ করেন । এরপর এন ডি এর বিধায়িনী দলের বৈঠক অনুষ্ঠিত হয় । এই বৈঠকে কেন্দ্রীয় পর্যবেক্ষক তথা কেন্দ্রীয় মন্ত্রী জে পি নাড্ডা ড: হিমন্তু বিশ্ব শর্মাকে বিধায়িনী দলের নেতা হিসেবে ঘোষণা করেন । বৈঠকে সহকারী পর্যবেক্ষক হিসেবে বিজেপির প্রবীন নেতা নায়াব সিং সাইনীও উপস্থিত ছিলেন । বৈঠকে বিজেপির পক্ষ থেকে রঞ্জিত কুমার দাস , বিশ্বজিৎ দৈমারী , অজন্তা নেওগ , রাজদীপ রায় , অশোক সিংহল , পীযুষ হাজারিকা , চক্রধর গগৈ ও বিশ্বজিৎ দৈমারী বিধায়িনী দলের নেতা হিসেবে ড: হিমন্তু বিশ্ব শর্মার নাম প্রস্তাব করেন । সংগে সংগে দুজন করে বিধায়ক এই প্রস্তাবে সমর্থন জানান । এরপর অসম গণ পরিষদের ১০ জন বিধায়ক ও বিপিএফের বিধায়কদের উপস্থিতিতে অগপর নেতা অতুল বরা ও বিপিএফের নেতা রিহন দৈমারী এন ডি এর নেতা হিসেবে ড: শর্মার নাম প্রস্তাব করেন ।

বিজেপি তথা এন ডি এর বিধায়িনী দলের নেতা হিসেবে নির্বাচিত হোয়ার পর ড: হিমন্তু বিশ্ব শর্মা দলের কেন্দ্রীয় ও রাজ্য

নেতৃবর্গ সহ সহযোগী দল অসম গণ পরিষদ ও বি পি এফকে
কৃতজ্ঞতা জানান । ড: শর্মা জানান
----- বাইট

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশের রাজনীতিতে নতুন সংস্কার
সাধন হয়েছে বলে উল্লেখ করে কেন্দ্রীয় পর্যবেক্ষক বর্তমান সরকার
রাজ্যের উন্নয়নে সক্রিয় ও দায়বদ্ধ থাকবে বলে জানান । শী নাড্ডা
ড: হিমন্ত বিশ্ব শর্মাকে শুভেচ্ছা জানিয়ে বলেন -----

----- বাইট

উল্লেখ্য রাজ্যে নতুন সরকার আগামীকাল শপথগ্রহণ করবে । এজন্য
খানাপারার পশু চিকিৎসা মহাবিদ্যালয় খেলার মাঠে প্রস্তুতি অব্যাহত
রয়েছে । শপথগ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মুখ্য অতিথি
হিসেবে উপস্থিত থাকবেন । এছাড়া কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ ,
বিজেপির জাতীয় সভাপতি নীতিন নবীন সহ বেশ কয়েকজন কেন্দ্রীয়
মন্ত্রী , বিজেপি শাসিত রাজ্যের মুখ্যমন্ত্রী , উপ-মুখ্যমন্ত্রীগণ
উপস্থিত থাকবেন বলে রাজ্য বিজেপি সূত্রে জানানো হয়েছে ।

শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের উদ্যোগে গত চৌঠা মে থেকে
গতকাল পর্যন্ত বিভিন্ন কার্যসূচির মাধ্যমে অগ্নি নিরাপত্তা সপ্তাহ-২০২৬
পালন করা হয়েছে । এ উপলক্ষে মেডিকেল কলেজ ও হাসপাতালের
চিকিৎসক , কর্মচারী এবং জরুরী পরিষেবার সঙ্গে যুক্ত কর্মীদের নিয়ে

বিভিন্ন সচেতনতা মূলক কর্মসূচি , প্রশিক্ষণ শিবির এবং মক ড্রিলের আয়োজন করা হয় । এর মধ্যে কলেজ অধ্যক্ষ ডক্তর ভাস্কর গুপ্তের নেতৃত্বে অগ্নি নিরাপত্তা সপ্তাহ উপলক্ষে শপথ গ্রহণ করা হয়েছে । গত শনিবার কাছাড় জেলার অগ্নি ও জরুরি পরিষেবা বিভাগের সহযোগিতায় অগ্নি নির্বাপন সংক্রান্ত একটি মক ড্রিল অনুষ্ঠিত হয় ।

উত্তর-পূর্ব সীমান্ত রেল সময়ানুবর্তিতা বজায় রাখতে ও যাত্রীদের সুবিধার্থে ৮০টির-ও বেশী ট্রেন পরিষেবার সময়সূচী সংশোধন করেছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে সময়সূচী সংশোধন করা ট্রেনগুলির মধ্যে রয়েছে - গুয়াহাটী-নাহারলগুন জন শতাব্দী এক্সপ্রেস , আগরতলা-আনন্দ বিহার তেজস রাজধানী এক্সপ্রেস এবং শিলচর -নিউ তিনসুকিয়া এক্সপ্রেস ।

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব শিলচর সেঞ্চুরিয়ানের ব্যবস্থাপনায় আজ ধলাই বিধানসভা কেন্দ্রের অন্তর্গত পুনিখাল তেমাথা সংলগ্ন ভূবনখাল শিববাড়ীতে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।
